



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
প্রশাসন-২ শাখা



"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি (Grievance Redress System-GRS) সংক্রান্ত সেপ্টেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ সায়েদুল ইসলাম সচিব
সভার তারিখ	২৯ সেপ্টেম্বর, ২০২১
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	জুম প্লাটফর্মে
উপস্থিতি	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার প্রারম্ভেই বিগত ২৯/০৮/২০২১ তারিখে সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব প্রশাসন সভাকে জানান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি এবং জয়িতা ফাউন্ডেশনে আগস্ট/২০২১ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। মহিলা বিষয়ক অধিদপ্তরে জুলাই/২০২১ মাসে প্রাপ্ত অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে। বর্তমানে কোন অভিযোগ অনিষ্পন্ন নেই। আগস্ট/২০২১ মাসের প্রতিবেদন ০৯/০৯/২০২১ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সভাপতি, প্রাপ্ত অভিযোগ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে এবং এ সংক্রান্ত তথ্য মন্ত্রণালয়ের প্রেরণের জন্য দপ্তর/সংস্থার প্রতিনিধিদের অনুরোধ করেন।

২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) প্রাপ্ত অভিযোগসমূহ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।


(খ) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৩। আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ সায়েদুল ইসলাম
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) দপ্তর প্রধান (সকল দপ্তর/সংস্থা), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ২) অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩) যুগ্মসচিব (সকল), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) উপসচিব (সকল)/উপপ্রধান, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৭) প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়



মোঃ মাসুদুর রহমান
উপসচিব